কালের কণ্ঠ

তারিখ 06 OCT 2016

# মোহাম্মদপুর বেড়িবাঁধে স্কুলের দাবি শিশুদের

নিজস্ব প্রতিবেদক ▷

রাজধানীর মোহাম্মদপুর বেড়িবাঁধ সংলগ্ন এলাকায় একটি সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থাপনের দাবি উঠেছে। বিশ্ব শিশু দিবস উপলক্ষে গত মঙ্গলবার এ দাবিতে মানববন্ধন কর্মসূচি পালন করেছে কয়েক শ শিশু। এখানে সরকারি স্কুল হলে অন্তত নিম্ন আয়ের পরিবারগুলো সন্তানকে স্কুলে পাঠাতে উদ্যোগী হবে বলে মনে করে স্থানীয়রা। কয়েকটি এনজিও প্রাক প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করলেও বেড়িবাঁধ সংলগ্ন এলাকায় প্রাথমিক শিক্ষার ভরসা মূলত বেসরকারি স্কুলগুলো।

মোহাম্মদপুর বেড়িবাঁধ সংলগ্ন নবোদয় হাউজিংয়ের বাসিন্দাদের সঙ্গে আলাপকালে জানা গেছে, আশপাশে নিম্ন আয়ের অনেক পরিবারের বসবাস। বসতি ঘিরে বেসরকারি অনেক স্কুল থাকলেও সেখানে পড়ানোর আর্থিক সামর্থ্য নেই পরিবারগুলোর। এ অবস্থায় কেউ কেউ এনজিও পরিচালিত প্রাক প্রাথমিক শিক্ষায় পাঠাচ্ছেন শিশুদের। পরে প্রাথমিক শিক্ষার সুযোগ পাচ্ছে না এসব শিশু। সরকারি স্কুল থাকলে এ ক্ষেত্রে শিশুদের শিক্ষা সহজতর হতো।

নবোদয় হাউজিং এলাকায় বসবাস করা রাইদা ইসলাম ঋতুর মা-বাবা দুজনই শ্রমজীবী। শিশুটি বঙ্গবন্ধু সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রথম শ্রেণিতে পড়ছে। ঋতুর বক্তব্য—'বাসা থেকে স্কুলে হেঁটে যেতে আধাঘণ্টা সময় লাগে। রাস্তার মোড় পার হতে ভয় লাগে। কাছে স্কুল থাকলে ভালো হতো।'

সিটি মডেল স্কুলের প্রথম শ্রেণির ছাত্র সোহাগ বলে, 'স্কুলের বেতন প্রতি মাসে ২০০ টাকা। খাতা-কলম কেনা লাগে। ভ্যানচালক বাবা টাকা চাইলে রাগ করেন। সরকারি স্কুল হলে টাকা চাইতে হতো না।'

এনজিওকর্মীরা জানান, তাঁরা প্রাক প্রাথমিক স্কুলের ব্যবস্থা করেছেন। কিন্তু এরপর প্রথম শ্রেণিতে পড়ার সুযোগ করে দিতে পারছেন না। যেসব পরিবারের সামর্থ্য আছে তারা কিন্ডারগার্টেনে পড়াচ্ছে। সরকারি স্কুল না থাকায় অনেক শিশু প্রাথমিক শিক্ষা শেষ করতে পারছে না।